

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ এস ও সি বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), এস ও সি বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪১.৩৬.০০১.২৪ নথির বিষয়: Supply of Bearing, bush and other consumable items for chlorination system under SOC division.

নোট: ১ নোটের বিষয়: Supply of Bearing, bush and other consumable items for chlorination system under SOC division.

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ৫/৫/২৪ ৭:৫১ অপরাহ্ন

এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার কেন্দ্রীয় কন্ট্রোল রুম হিসেবে ২৪ (চব্বিশ) ঘন্টা খোলা রেখে কাজ করে যাচ্ছে। বিভিন্ন মডস জোন ও পানি শোধনাগার সমূহের পানি উৎপাদন সহ প্রতিদিনের বিভিন্ন ধরনের তথ্যাদি (গাড়ি দ্বারা পানি সরবরাহের পরিমাণ, বিদ্যুৎ বিভ্রাট ইত্যাদি) উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়। তাছাড়া ঢাকা শহরের বিভিন্ন পানির পাম্পের ক্লোরিনেশন সিস্টেম স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ করতঃ বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করার কাজটি এস ও সি বিভাগের মাধ্যমেই সম্পন্ন হয়ে থাকে। ক্লোরিনেশন সিস্টেমে ব্যবহৃত প্রধান যন্ত্র সমূহ হলঃ বুস্টার পাম্প-মটর, ভ্যাকুয়াম রেগুলেটর, ইজেক্টর চেকভাল্ব, স্টার্টার ইত্যাদি। এসকল মালামাল সমূহ খুবই মূল্যবান। প্রায়শই দেখা যায় যে, বিয়ারিং, বুশ, মটরের কয়েল পুড়ে যাওয়া, ওয়াটার সীলসহ বিভিন্ন ধরনের যান্ত্রিক ত্রুটির কারণে বাধা হয়ে বুস্টার পাম্প-মটরগুলি পরিবর্তন করতে হয়। অথচ উল্লেখিত মালামালসমূহ সন্নিবেশিত করে স্বল্পতম সময়ে বুস্টার পাম্প-মটর গুলি পুনঃ ব্যবহার যোগ্য করে তোলা যায়। যার মাধ্যমে সংস্থার আর্থিক ব্যয় হ্রাস করা সম্ভব। সেই লক্ষ্যে এস ও সি বিভাগের সাব-স্টোরে জমাকৃত Booster pump motor গুলি মেরামত ও রক্ষণাবেক্ষণ এর কাজ করার জন্য প্রাপ্ত কোটেশনের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ টাঃ ৪,৯৮,৪৮৬.৪৭৬ (চার লক্ষ আটানব্বই হাজার চারশত ছিয়াশি দশমিক চার সাত ছয় মাত্র) টাকা। উল্লেখ্য যে আলোচ্য কাজটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী এস এম ডব্লিউ সি সার্কেল মহোদয় কর্তৃক পরিদর্শনান্তে চূড়ান্ত করা হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ৫/৫/২৪ ৭:৫৬ অপরাহ্ন

আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বৎসরের বরাদ্দকৃত বাজেটের পরিচালন ব্যয় “খুচরা যন্ত্রাংশ ক্রয়” কোড নং-০১-০৪-০২৪ খাত হতে নির্বাহ করা হবে। কাজটি ২০২৩-২০২৪ অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় ক্রমিক নং- (SP-5) এ অন্তর্ভুক্ত আছে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। ২০২৩-২০২৪ অর্থ-বছরের বাজেট বরাদ্দের ফটোকপি।
- ২। ২০২৩-২০২৪ অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ফটোকপি।
- ৩। প্রাপ্ত কোটেশন সমূহ।
- ৪। প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ৫/৫/২৪ ৭:৫৬ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Supply of Bearing, bush and other consumable items for chlorination system under SOC division কাজটি সম্পাদনের জন্য উপস্থাপিত টাঃ ৪,৯৮,৪৮৬.৪৭৬ (চার লক্ষ আটানব্বই হাজার চারশত ছিয়াশি দশমিক চার সাত ছয় মাত্র) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 এবং PPR-2008 এর ধারা ৬১(১) মোতাবেক উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM, e-GP) এর মাধ্যমে পণ্য ক্রয় কাজটি সম্পাদনের নিমিত্তে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এসএমডব্লিউসি সার্কেল) মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য সর্বিনয়ে উপস্থাপন করা হল।

৫/৫/২৪ ৭:৫৭ অপরাহ্ন
মুহাম্মদ মাহবুব আলম আল- আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ

৫/৫/২৪ ৮:২০ অপরাহ্ন
মোহাম্মদ আইয়ুব খান
সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ

৫/৫/২৪ ৮:৫৫ অপরাহ্ন
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস ও সি বিভাগ

৫/৫/২৪ ৮:৫৫ অপরাহ্ন
মোঃ ইকবাল আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস এম ডব্লিউ সি সার্কেল

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ৬/৫/২৪ ১২:০৭ অপরাহ্ন

Approved.

৬/৫/২৪ ১২:০৭ অপরাহ্ন

মোঃ ইকবাল আহমেদ মজুমদার
চত্তাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস এম ডব্লিউ সি সার্কেল

৬/৫/২৪ ১২:০৭ অপরাহ্ন

মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস ও সি বিভাগ

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৬/৫/২৪ ১:২৩ অপরাহ্ন

দরপত্র আহবানের ব্যবস্থা নিবেন।

৬/৫/২৪ ১:২৪ অপরাহ্ন

মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস ও সি বিভাগ

৬/৫/২৪ ৫:৫৫ অপরাহ্ন

মোহাম্মদ আইয়ুব খান
সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ

৬/৫/২৪ ৫:৫৫ অপরাহ্ন

মুহাম্মদ মাহবুব আলম আল- আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা